

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নংঃ ০৮

এপ্রিল ২৮, ২০১৩  
তারিখঃ -----  
বৈশাখ ১৫, ১৪২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

কোন আবাসিক/বাণিজ্যিক ভবন/স্থাপনা নির্মাণ, ভূমি উন্নয়ন এবং ভবন/এপার্টমেন্ট/ফ্লোর স্পেস  
ক্রয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন ও বিধির যথাযথ পরিপালন ও বিধিবদ্ধ সংস্থার অনুমোদন গ্রহণ

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের মনোযোগ আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, কোন আবাসিক/বাণিজ্যিক ভবন/স্থাপনা  
নির্মাণ, ভূমি উন্নয়ন এবং ভবন/এপার্টমেন্ট/ফ্লোর স্পেস ক্রয়ের উদ্দেশ্যে ব্যাংক অর্থায়নের (ঋণ, বিনিয়োগ, ইজারা ইত্যাদি)  
ক্ষেত্রেঃ

ক) নিম্নোক্ত আইন ও বিধিমালাসমূহ যথাযথভাবে পরিপালিত হয়েছে মর্মে নিশ্চিত করতে হবে-

১. The Building Construction Act, 1952;
২. Bangladesh National Building Code, 2006;
৩. বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫;
৪. পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭;
৫. অগ্নি প্রতিরোধ ও নির্বাপন আইন, ২০০৩;
৬. বেসরকারী আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪;
৭. প্রযোজ্য অন্যান্য সকল আইন ও বিধিমালা।

খ) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ/রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/রাজশাহী  
উন্নয়ন কর্তৃপক্ষ/সিটি করপোরেশন/পৌরসভা হতে, প্রযোজ্য ক্ষেত্রে, যথাযথ অনুমোদন গ্রহণ নিশ্চিত করতে হবে।

২। নির্মিত/নির্মাণাধীন ভবন/স্থাপনায় ইতোমধ্যে যেসব অর্থায়ন সম্পাদিত হয়েছে, সেসব ক্ষেত্রেও উল্লিখিত আইন ও  
বিধিমালাসমূহের যথাযথ পরিপালন এবং বিধিবদ্ধ সংস্থাসমূহের যথাযথ অনুমোদন গ্রহণ সম্পর্কে নিশ্চিত হতে হবে।

৩। ব্যাংকসমূহের নিজস্ব ভবন/স্থাপনা নির্মাণ ও ক্রয়/ইজারা এবং ইতোমধ্যে নির্মিত ভবন/স্থাপনা ও ক্রয়কৃত/ইজারাকৃত  
সম্পত্তির ক্ষেত্রেও উল্লিখিত আইন ও বিধিমালাসমূহের যথাযথ পরিপালন এবং বিধিবদ্ধ সংস্থাসমূহের যথাযথ অনুমোদন গ্রহণ  
নিশ্চিত করতে হবে। এ বিষয়ে সকল ব্যাংককে একটি পরিপালন প্রতিবেদন জুন ৩০, ২০১৩ এর মধ্যে অত্র বিভাগে দাখিল  
করতে হবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আনোয়ারুল ইসলাম)

উপ মহাব্যবস্থাপক

ফোন নংঃ ৯৫৩০০৯৪